

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ১(১৩)শুক্র: ৪/৯০(অংশ-২)/২৫৭(৯)

তারিখ : ১৮/০৩/২০০৮

সাধারণ আদেশ

সাধারণ আদেশ নং-১১/২০০৮/শুক্র

তারিখ : ১৮.৩.২০০৮

বিষয়: শতভাগ রপ্তানিমুখী জাহাজ নির্মাণ শিল্পে ব্যবহার্য-আমদানিয়/আমদানিকৃত কাঁচামাল খালাস/রপ্তানি প্রসংগে।

শিপ বিল্ডিং শিল্প বাংলাদেশে নতুন একটি শিল্প সেক্টর। শিপ বিল্ডিং উজ্জ্বল সম্ভবনাময় ও ত্রমশ: উদীয়মান শিল্প। ১০০% রপ্তানিমুখী শিল্প বিল্ডিং সেক্টরের কাজ কর্মের প্রকৃতি গার্মেন্টস শিল্পের back to back L/C'র আওতায় সম্পাদিত কাজকর্মের অনুরূপ। ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে জাহাজ নির্মাণ শিল্প একটি উল্লেখযোগ্য খাত হিসাবে আবির্ভূত হওয়ার পরিপ্রেক্ষিতে এ শিল্পের বিকাশের ধারাকে উৎসাহিত করা ও অব্যাহত রাখার স্বার্থে উল্লিখিত শিল্প প্রতিষ্ঠানসমূহের আবেদন ও এতদবিষয়ে বর্তমানে বিদ্যমান আইন, আদেশ ও বিধি বিধান এবং অনুসরণীয় পদ্ধতির বিষয়টি বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। সার্বিক পর্যালোচনান্তে এ সেক্টরকে উৎসাহ প্রদান, আমদানিয় কাঁচামাল দ্রুততার সাথে খালাস এবং সামগ্রিকভাবে এদের কার্যক্রম সহজতর করার লক্ষ্যে রপ্তানির উদ্দেশ্যে জাহাজ নির্মাণের জন্য প্রয়োজনীয় কাঁচামাল, সরঞ্জাম ও সামগ্রী আমদানির জন্য জাতীয় রাজস্ব বোর্ড নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিম্নরূপ পদ্ধতি অনুসরণের আদেশ দিচ্ছে:

শর্তাবলী:

- (১) শতভাগ রপ্তানিমুখী জাহাজ নির্মাণ শিল্পের অনুকূলে বন্ড লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় যাবতীয় শর্ত পূরণ ও আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স মঞ্জুর করা যাবে;
- (২) যে দেশ থেকে জাহাজ নির্মাণের কার্যাদেশ (Work order) পাওয়া যাবে সে দেশের ক্রেতা প্রতিষ্ঠানের নিকট থেকে উক্ত জাহাজ নির্মাণের জন্য আমদানিতব্য সকল কাঁচামালের সঠিক পরিমাণ ও Specification বিষয়ে একটি প্রত্যয়নপত্র পণ্য খালাসকালে শুক্র কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে যাতে করে নির্মিতব্য জাহাজের জন্য প্রয়োজনীয় ও ব্যবহার্য কাঁচামালের বিষয়ে নিশ্চিত হওয়া যায়;
- (৩) প্রতিটি রপ্তানি আদেশের বিপরীতে জাহাজ নির্মাণের জন্য প্রয়োজনীয় কাঁচামাল, সামগ্রী ও সরঞ্জামের তালিকা, ধরণ ও বিবরণ প্রত্যয়নপত্রে সুনির্দিষ্টভাবে ক্রমানুসারে (serially) উল্লেখ করতে হবে;

- (৪) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ রপ্তানিতব্য জাহাজ নির্মাণের জন্য প্রয়োজনীয় কাঁচামালের বিবরণ, Specification, পরিমাণ, গুণগত মান, মূল্য ইত্যাদি বিষয়ে জাহাজীকরণের পূর্বে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন Survey Company দ্বারা PSI (Pre-shipment Inspection) সম্পন্ন করত: শুক্কায়নকালে এতদসংশ্লিষ্ট প্রত্যয়নপত্র শুক্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন;
- (৫) প্রতিটি জাহাজ নির্মাণের জন্য কি পরিমাণ কাঁচামাল ব্যবহৃত হবে এবং কাঁচামালের সঠিক Specification তথা নির্মিতব্য জাহাজের বিষয়ে বন্ডার International Classification Society (IMO)'র আওতায় পরিচালিত যথা: Lloyds Register Shipping (UK), Germeuniseher Lloyds (Germany), American Bureau of Shipping (US) কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র (Certification) পণ্য চালান খালাস প্রকালে শুক্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন;
- (৬) প্রতিটি Ocean Going Vessel নির্মাণের জন্য ক্রেতার দেশ থেকে যে কার্যাদেশ (work order) এবং এর জন্য প্রয়োজনীয় কাঁচামাল ও সামগ্রীর বিষয়ে যে প্রত্যয়নপত্রসমূহ পাওয়া যাবে তা কমিশনার (বন্ড) এর নিকট দাখিল করলে তিনি তাঁর অনুসরণে প্রাপ্ত প্রতিটি কার্যাদেশের বিপরীতে একটি ইউপি জারী করবেন, যাতে আমদানিকৃত পণ্যের তালিকা, পরিমাণ ও নির্মিতব্য পণ্যের রপ্তানির সময়সীমার উল্লেখ থাকবে। সাধারণভাবে আমদানিকারকের পণ্য চালান বন্ডার অভ্যন্তরে কায়িক পরীক্ষার পরিবর্তে বন্ডারের Ship yard এ পৌঁছানোর পর সংশ্লিষ্ট অধিক্ষেত্রের সহকারী কমিশনার পদের নিম্নে নহে এমন একজন কর্মকর্তার তত্ত্বাবধানে পণ্যের কায়িক পরীক্ষা করে ঘোষণা মোতাবেক পণ্যের পরিমাণ, বর্ণনা বিষয়গুলো নিশ্চিত হতে হবে। প্রয়োজনবোধে কমিশনার চালান খালাসের পূর্বেই চালানের কায়িক পরীক্ষা সম্পন্ন করতে পারবেন;
- (৭) প্রতিটি জাহাজ নির্মাণের জন্য যে পরিমাণ কাঁচামাল ব্যবহার করা হবে তার যথাযথ সহগ (co-efficient) BUET এর সংশ্লিষ্ট বিভাগের একজন Expert/নৌ বাণিজ্য অধিদপ্তরের principal officer দ্বারা প্রস্তুত হতে হবে। এ সহগ অনুযায়ী জাহাজ নির্মাণের পর সংশ্লিষ্ট কমিশনার এ মর্মে নিশ্চিত হবেন যে, আমদানিকৃত কাঁচামাল যথাযথভাবে ব্যবহৃত হয়েছে;
- (৮) প্রতিটি আমদানিকৃত চালানের বিপরীতে প্রয়োজ্য শুক্ক-করের সমপরিমাণ অর্থের ২৫% নি:শর্ত ব্যাংক গ্যারান্টি সংশ্লিষ্ট কমিশনার বরাবরে দাখিল করতে হবে;
- (৯) আমদানিয় প্রতিটি পণ্য চালান এবং রপ্তানিতব্য প্রতিটি জাহাজের ক্ষেত্রে ব্যবহার্য/ব্যবহৃত সমুদয় কাঁচামাল ইত্যাদির বিষয়ে সঠিক তথ্যাদি নিয়মমাফিক রেজিস্টার, বহি ইত্যাদিতে লিপিবদ্ধ করতে হবে;
- (১০) জাহাজ রপ্তানি সম্পন্ন হবার পর তার স্বপক্ষে পিআরসি দাখিল ও তা যাচাইয়ে সঠিক প্রাপ্তি সাপেক্ষে কাঁচামাল আমদানি পর্যায়ে বন্ডার কর্তৃক দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি অবমুক্তযোগ্য হবে;

(১১) কার্যাদেশে (Work Order) বর্ণিত সময়সীমার মধ্যে বন্ডার আমদানিকৃত কাঁচামাল দ্বারা জাহাজ প্রস্তুতপূর্বক রপ্তানি নিশ্চিত করবেন এবং বন্ড কমিশনার বিষয়টি মনিটর করবেন;

(১২) আমদানিকৃত কাঁচামালের কন্টেইনার শুল্ক নিয়ন্ত্রন এলাকা হতে ইমপেক্টরের নীচে নয় এমন কর্মকর্তা দ্বারা যথাযথভাবে এসকর্টর মাধ্যমে বন্ডারের শীপইয়ার্ডে পৌঁছাতে হবে।

০২। প্রয়োজন মনে করলে যুক্তিসংগত কারণে সংশ্লিষ্ট কমিশনার নিজ নিজ ক্ষেত্রে অন্য কোন শর্তযুক্ত করতে পারবেন।

স্বাক্ষরিত/-
(কাজী তৌহিদা আখতার)
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)